

🗏 আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮: ৫২

💵 আরবি মূল আয়াত:

وَ مَا هُوَ إِلَّا ذِكِرٌ لِّلعُلَمِينَ ﴿٥٢﴾

আর এ কুরআন তো সৃষ্টিকুলের জন্য শুধুই উপদেশবাণী। — আল-বায়ান অথচ এ কুরআন বিশ্বজগতের জন্য উপদেশ ছাড়া অন্য কিছুই নয়। — তাইসিরুল কুরআনতো বিশ্ব জগতের জন্য উপদেশ। — মুজিবুর রহমান

But it is not except a reminder to the worlds. — Sahih International

৫২. অথচ তা(১) তো কেবল সৃষ্টিকুলের জন্য উপদেশ।

(১) এখানে তা' বলে অধিকাংশ মুফাসসিরের মতে কুরআন বোঝানো হয়েছে। তবে কোন কোন মুফাসসির বলেন, এখানে 'তা' বলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বোঝানো হয়েছে। অথচ দুটি অর্থই এখানে হতে পারে। কুরআন যেমন সমস্ত সৃষ্টিজগতের জন্য উপদেশ তেমনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও সমস্ত সৃষ্টিজগতের জন্য উপদেশ ও সম্মানের পাত্র। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৫২) অথচ তা তো বিশ্বজগতের জন্য উপদেশই। [1]

[1] যখন প্রকৃত ব্যাপার হল এই যে, এ কুরআন মানব-দানবের জন্য হিদায়াত ও পথপ্রদর্শক স্বরূপ এসেছে, তখন তাকে যে নিয়ে এসেছে এবং তার যে বর্ণনাকারী সে পাগল কিভাবে হতে পারে?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5323

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন